



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং-বিআরডিবি/ইরেসপো/এআরডিও/১২১-৩৮৭২


তারিখঃ ০৭/০৯/২০১৬ খ্রিঃ

মোঃ ফাহাদ হোসেন
সহকারি পল্লী উন্নয়ন কর্মকর্তা
গৌরনদী, বরিশাল

বিষয়ঃ ছুটি মঞ্জুর প্রসঙ্গে।

সূত্রঃগৌর/ইরেসপো/২০১৬/৪৬৮ তারিখঃ০৪/০৯/১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা হিসেবে আপনাকে বরিশাল জেলার গৌরনদী উপজেলার বিপরীতে প্রকল্প সদর দপ্তরের সংযুক্ত আদেশ বতিলপূর্বক বিগত ১৪/০৮/১৬ তারিখের মধ্যে যোগদানের জন্য আদেশ প্রদান করা হয়, কিন্তু আপনি নির্ধারিত সময়ের মধ্যে যোগদান না করে গত ২৮/০৮/১৬ তারিখ যোগদান করেন। বিধি অনুযায়ী বদলিকৃত কর্মস্থলে সর্বোচ্চ ছয়(০৬) কার্যদিবসের মধ্যে যোগদান করতে হয়। সে হিসেবে আপনাকে বিগত ২৩/৮/১৬ খ্রিঃ পর্যন্ত বদলিজনিত এবং বিগত ২৪/৮/১৬খ্রিঃ হতে ২৭/০৮/১৬খ্রিঃ পর্যন্ত চার দিন বিনা বেতনে ছুটি মঞ্জুর করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক, ইরেসপো
বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ গৌরনদী, জেলাঃ বরিশাল।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপ প্রকল্প পরিচালক (অর্থ, হিসাব ও উন্নয়ন), বিআরডিবি, ঢাকা।
৪. উপপরিচালক, বিআরডিবি, বরিশাল।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।